

ঢাকা ওয়াসা

- ১। ২০২৬-২৭ ইং অর্থ বৎসরের প্রাক্কলিত বাজেট বরাদ্দের ফটোকপি।
২। ২০২৬-২৭ ইং অর্থ বৎসরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার ফটোকপি।
৩। পূর্ব অনুমোদিত দরের কপি।
৪। প্রাক্কলন।

বিষয়ঃ “Store cleaning and re-arrange of material work in SOC Division” কাজের অনুমোদন প্রসঙ্গে।

- ০১। উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে ক্রমিক নং- ০১ হতে ০৪ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। এস ও সি বিভাগ ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ বিভাগ। ঢাকা ওয়াসার আওতাধীন প্রায় ১৩৪০ টি পানির পাম্প রয়েছে। এই সকল পাম্পের মাধ্যমে পানি উৎপাদন করে নগরবাসীকে পানি সরবরাহ করা হয়। উৎপাদিত পানি সরবরাহের পূর্বে জীবানুমুক্ত করা হয়। এজন্য ক্লোরিন গ্যাস ও ব্লিচিং পাউডার পানিতে ব্যবহার করা হয়। এসব কেমিক্যাল ব্যবহার করার জন্য ক্লোরিন গ্যাস ডোজিং সিস্টেম এবং ব্লিচিং পাউডার ডোজিং সিস্টেম স্থাপন করতে হয়। বর্তমানে ঢাকা ওয়াসার এসওসি বিভাগের আওতায় প্রায় ৮২১ টি পাম্পে ক্লোরিন গ্যাস ডোজিং সিস্টেম রয়েছে। উক্ত ডোজিং সিস্টেমটি সচল রাখার জন্য ক্লোরিন গ্যাস সিস্টেমে ব্যবহার করা হয় vacuum regulator, ejector প্রভৃতি সহ আরও অসংখ্য যন্ত্রাংশ। ক্লোরিনেশন সিস্টেম এ ব্যবহৃত যন্ত্রাংশসমূহ বিভাগীয় লোকবল দিয়ে প্রতিস্থাপন করা হয় এবং পুরনো মালামাল সমূহ এসওসি বিভাগে উপ-ভান্ডারে জমা করা হয়। একইভাবে ঠিকাদারী প্রতিষ্ঠানের মাধ্যমে যানবাহন রক্ষণাবেক্ষণ করতঃ পুরনো মালামাল এসওসি বিভাগের উপ-ভান্ডারে জমা রাখা হয়। দীর্ঘদিন ধরে এসকল পুরনো মালামাল উপ ভান্ডারের কম্পাউন্ডে ভুপাকারে এলোমেলো ভাবে ছড়ানো আছে যা re-arrange করা না হলে মালামাল নষ্ট এবং দুর্ঘটনার আশংকা আছে। তাই মালামালসমূহ সারিবদ্ধভাবে রেখে গণনা করতঃ বস্তায় বেধে তা এসওসি উপ-ভান্ডারে সাজিয়ে রাখার জন্য বেশ কিছু সংখ্যক লেবার, বস্তা, জুট, কাঁচি ইত্যাদি মালামাল প্রয়োজন। এছাড়াও মালামালসমূহ উপ ভান্ডারে লোডিং এর জন্য লেবার প্রয়োজন হয়। উক্ত কাজ সম্পাদনের লক্ষ্যে PWD Rate Schedule এবং পূর্বনুমোদিত দরের ভিত্তিতে Store cleaning and re-arrange of material work in SOC Division কাজের জন্য একটি প্রাক্কলন প্রস্তুত করা হল (সংযুক্তি নং-০৪ দ্রঃ)। যাতে ঢাকার অংক এসেছে টাঃ ৪৯,০৫০.০০/- (উনপঞ্চাশ হাজার পঞ্চাশ টাকা) মাত্র।
- ০২। আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২৬-২৭ অর্থ বছরের প্রাক্কলিত বাজেটের পরিচালন ব্যয় “Office Maintenance (অফিস রক্ষণাবেক্ষণ)” ০১-০২-০১২ খাত হতে নির্বাহ করা যেতে পারে এবং কাজটি এসওসি বিভাগের ২০২৬-২০২৭ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রঃনং-৩৩, Package No-LS-OM হতে নির্বাহ করা যেতে পারে। উল্লেখ্য যে ঢাকা ওয়াসার DOFP অনুযায়ী আলোচ্য কাজটি অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।
- ০৩। এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে Store cleaning and re-arrange of material work in SOC Division কাজটির উপস্থাপিত টাকা ৪৯,০৫০.০০/- (উনপঞ্চাশ হাজার পঞ্চাশ টাকা) মাত্র প্রাক্কলনটির আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ PPA-2006 এবং PPR-2025 এর বিধি ৯৯/১ (ড) মোতাবেক (DPM) হিসেবে ঠিকাদার M/S Mofazma Endeavours কর্তৃক কাজটি সম্পাদন করার নিমিত্তে প্রধান প্রকৌশলী মহোদয়ের সদয় অনুমোদনের জন্য সর্বিনয়ে পেশ করা হলো।

Hasin
6.7.26

মোঃ আর হোসাইন
উপ-সহকারী প্রকৌশলী
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা

AF

Ruler
6.9.26

রুম্মছানা পারভীন
সহকারী প্রকৌশলী (চঃ দাঃ)
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা।

E/B
6.9.26

সাদ্দাম হোসেন
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা।

SE (smwe)
6.9.26

মোহাম্মদ হুমায়ুন কবীর
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ)
এস.এম.ডব্লিউ.সি সার্কেল
ঢাকা ওয়াসা।

SE
15.09.2024
আলমগীর হাছিন আহমেদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

SE/smwe